



বিশ্বকাপ থেকে বিদায়ের পর অবসরের ঘোষণা নেইমারের



ফুটবলার নেইমার। ছবি: সংগৃহীত

২০২৬ ফিফা বিশ্বকাপ থেকে ব্রাজিলের বিদায়ের পর আন্তর্জাতিক ফুটবল থেকে অবসরের ঘোষণা দিয়েছেন নেইমার জুনিয়র। নরওয়ের বিপক্ষে শেষ ম্যাচে হেরে পরই জাতীয় দলের জার্সিতে নিজের অধ্যায়ের ইতি টানার সিদ্ধান্ত জানান তিনি। ম্যাচ শেষে আবেগঘন প্রতিক্রিয়ায় নেইমার বলেন, 'আমি চেষ্টা করেছি, নিজের সর্বোচ্চটা দিয়েছি। এই মেটলাইফ স্টেডিয়ামেই আমার পথচলা শুরু হয়েছিল, আর এখানেই শেষ হলো। এখন সব শেষ।'

২০১০ সালে ব্রাজিলের হয়ে অভিষেক হওয়া নেইমার জাতীয় দলের ইতিহাসে সর্বোচ্চ ৮০ গোল মালিক। তার বুলিতে রয়েছে চারটি হ্যাটট্রিক, একটি ফিফা কনফেডারেশনস কাপ এবং অলিম্পিক স্বর্ণপদক।

উল্লেখ্য, আর্লিং হালান্ডের জোড়া গোলে ব্রাজিলকে ২-১ ব্যবধানে হারিয়ে প্রথমবারের মতো বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে জায়গা করে নিয়েছে নরওয়ে।